

62

## শ্রীপুরে ৬ জন প্রধান শিক্ষকসহ ১৪ জন শিক্ষক সাসপেন্ড

শ্রীপুর থানার বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৬ জন প্রধান শিক্ষক এবং ৮ জন সহকারী শিক্ষককে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। জানা গেছে, গাজীপুর জেলার শ্রীপুর থানার বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৬ জন প্রধান শিক্ষক ও ৮ জন সহকারী শিক্ষক বিগত '৮১-৮২' অর্থ বছরে গৃহ নির্মাণ স্বর্ণ অগ্রিম গ্রহণ করেন যার মধ্যে সর্বোচ্চ ১০ হাজার ১শ' ৭৬ টাকা এবং সর্বনিম্ন ৮ হাজার ৯শ' ৮৫ টাকা যা তৎকালীন থানা শিক্ষা কর্মকর্তার মাধ্যমে গাজীপুর কোর্ট বিভিন্ন ট্রেজারী শাখা থেকে প্রত্যেকের নামে পৃথক পৃথক চেকের মাধ্যমে উত্তোলন করেন। পরবর্তীতে ১৯৮৪ সালের এপ্রিল থেকে ১শ' ৩০ টাকা করে প্রতিমাসের নিয়মিত বেতন থেকে কর্তন করে রাখা হয়। যা ১৯৯০ সালের সেপ্টেম্বর নাগাদ শেষ হয়।

গাজীপুর জেলা দুর্নীতি দমন কর্মকর্তা এমাসে ১৪ জন শিক্ষকের বিরুদ্ধে একটি মামলা ও পরবর্তীতে চার্জসিট দাখিল করেন যে, উত্তোলিত টাকা যোগসাজসে আত্মসাৎ করেছে। এই মর্মে উল্লিখিত শিক্ষকের বিরুদ্ধে প্রেফতারী পরোয়ানা জারী হয়। এ ব্যাপারে ২৮ মে আদালতে জামিন না মঞ্জুর করে জেলহাজতে প্রেরণ করা হয়। পরবর্তীতে জামিনে মুক্তি পায় এবং গত ৩১ জুলাই গাজীপুর জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা তাদেরকে সাময়িকভাবে বরখাস্তের আদেশ দেন। এদিকে শিক্ষকরা উত্তোলিত সমুদয় টাকা যথানিয়মে ফেরত দেয়া সত্ত্বেও তাদের বেতন বন্ধসহ সাময়িক বরখাস্তের জন্য বাধাতা মূলক প্রাথমিক শিক্ষার সম্প্রসারণে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। শ্রীপুর থেকে হাবিবুর রহমান।